

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৮.১৭. ৩৫

তারিখ: ০২ মার্চ ২০১৪
২৪ জানুয়ারি ২০১৮

পঞ্জাপন

যেহেতু বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মো: হানিফ, অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া এর অধীনে ১২.০৪.২০১৭ তারিখ এইচ.এস.সি. পরীক্ষা ২০১৭ এ ব্রাহ্মণবাড়িয়া-১ কেন্দ্রে ভুল প্রশ্নপত্র বিতরণের ঘটনায় সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব ও দানপূর্বক ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। গত ০৭.১২.২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ কেন্দ্রে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পরিচালনা জন্য ০৪ (চার) সদস্যের কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির সদস্য যথাক্রমে জনাব আবুল খায়ের ভূঞা, মোহাম্মদ আক্তারুজ্জামান ও সুমন কর্মকারসহ ট্রেজারিতে কর্মরত ট্রেজারি অফিসারকে নিয়ে ২৯/০৩/২০১৭ তারিখে জেলা ট্রেজারীতে রক্ষিত প্রশ্নপত্রের বাছাইকার্য সম্পন্ন করা হয়। গত ১২/০৪/২০১৭ তারিখে পরীক্ষা কমিটির সদস্যগণ সকাল ০৯:০৭ ঘটিকায় ট্রেজারী থেকে প্রশ্নপত্র নিয়ে তার কক্ষে আসেন। ট্রেজারী থেকে পরীক্ষা কেন্দ্রে বিলম্বে প্রশ্নপত্র পৌঁছায় এবং নিদিষ্ট সময়ে পরীক্ষা শুরু করার তাগিদে অবশিষ্ট কাজগুলো অত্যন্ত দ্রুততার সাথে করতে হয়। প্রশ্নপত্রের প্যাকেটগুলোর সিলগালা এবং কোড নম্বর য'চাই করে প্যাকেট খুলে এবং প্রশ্নপত্রের খাম বন্টন করা হয়। তিনি পরীক্ষা শুরু হলে জানতে পারেন একটি কক্ষে জীববিজ্ঞান ১ম পত্রের (কোড নং-১৭৮) পরিবর্তে জীববিজ্ঞান ২য় পত্রের (কোড নং- ১৭৯) কিছু প্রশ্নপত্র বিতরণ করা হয়েছে। তৎক্ষণিকভাবে ২য় পত্রের প্রশ্নপত্র উঠিয়ে নিয়ে ঐ কক্ষে ১ম পত্রের প্রশ্নপত্র বিতরণের ব্যবস্থা করে যৎসম্মতি পরীক্ষা সম্পন্ন করা হয়। সময়স্বল্পতার কারণে একাত্তই অসাধনতাজনিত সম্পূর্ণ অনিচ্ছাকৃত এ ভুলের জন্য তিনি অত্যন্ত দুঃখিত, অনুতপ্ত এবং ক্ষমা চেয়েছেন। তিনি ভবিষ্যতে এ ধরনের ভুল না করার বিষয়ে সর্বোচ্চ সতর্ক হ'কার অঙ্গীকার করেন। সর্বোচ্চ পর্যায়ের দায় তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সেহেতু, জনাব মো: হানিফ এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(স্বাক্ষর) ১৪.০১.২০১৮

(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩৮.১৭. ৩৫/২ (৫)

তারিখ: ০২ মার্চ ২০১৪
জানুয়ারি ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: হানিফ এর ব্যক্তিগত নথিতে/ভোস্টিয়ারে পঞ্জাপনটি সংরক্ষণের অনুরোধসহ);
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৩। অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ ব্রাহ্মণবাড়িয়া;
- ৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৫। উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া।
- ৮। জনাব মো: হানিফ, অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।

(স্বাক্ষর) ১৪/০১/২০১৮
(জাকিয়া খানম)
যুগ্মসচিব